জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

প্রজ্ঞাপন

স্মারক নং- ০৭ (ঢ-৭১৭) জাতীঃবিঃ/কঃপঃ/ ১০৫২৮ তারিখঃ ২৮/১২/২০২৫

বিষয় ঃ ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে বিবেচনায় নিয়ে পুনরায়দেশ না দেয়া পর্যন্ত অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের গভর্নিং বডি/এডহক কমিটির সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্যের দায়িত্ব পালন প্রসঙ্গে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠাসমূহকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে এই মর্মে জানানো যাচ্ছে যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও প্রভাবমুক্ত করার লক্ষ্যে নির্বাচন কমিশনের কার্যক্রমের ধারাবাহিকতায় পুনরাদেশ না দেয়া পর্যন্ত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী সে সকল কলেজে গভর্নিং বডি/এডহক কমিটির সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্য হিসেবে দায়িত্বরত আছেন সে সকল কলেজে জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের গভর্নিং বডি (সংশোধিত) সংবিধি ২০১৯-এর ৭ ধারা মতে ভাইস-চ্যান্সেলর মহোদয়ের ক্ষমতাবলে সভাপতি হিসেবে বিভাগীয় শহরে অবস্থিত কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার, জেলা শহরে অবস্থিত কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং উপজেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-কে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করা হলো। প্রযোজ্য ক্ষেত্রে সভাপতির প্রতিস্বাক্ষরে বিদ্যোৎসাহী সদস্য পরিবর্তনের আবেদন করা হলে নতুন করে বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের ব্যবস্থা করা হবে।

২। অধিভুক্ত সংশ্লিষ্ট কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষগণকে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

৩। সম্মানিত সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারকে উপর্যুক্ত সিদ্ধান্ত কার্যকর করার ক্ষেত্রে তাদের আন্তরিক সহযোগিতা কামনা করা হলো।

উল্লেখ্য যে, ইতোমধ্যে নির্বাচনী তফসিল ঘোষণার পর নির্বাচন কমিশনের কার্যক্রমের ধারাবাহিকতার কারণে যে সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানে সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্য পরিবর্তন করা হয়েছে, সে সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্যগণ বহাল থাকবেন।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

28.12.2025

মোঃ আব্দুল হাই সিদ্দিক সরকার
কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়
মোবাইলঃ ০১৭১১-৫৬৩৪০০